গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২২০

## আগামীকাল জেলা শিল্পকলা একাডেমিতে অদম্য নারীদের সংবর্ধনা অনুষ্ঠান

রাজশাহী; ১১ ফাল্গুন (২৪ ফেব্রুয়ারি):

রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ অদম্য নারীদের সংবর্ধনা অনুষ্ঠান আগামীকাল( ২৫ ফেব্রুয়ারি) বেলা ১১টায় রাজশাহী জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বিভাগীয় প্রশাসন এ অনুষ্ঠান আয়োজন করছে। রাজশাহী বিভাগীয় কমিশনার ড. আ. ন. ম. বজলুর রশীদ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জিনাত আরা।

উল্লেখ্য যে, দেশের তৃণমূল পর্যায়ের সংগ্রামী নারীদের আত্মশক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে "অদম্য নারী পুরস্কার" কর্মসূচির আওতায় শ্রেষ্ঠ অদম্য নারীদের সংবর্ধনা প্রদান করা হয়।

.........................................................

রুহুল/তৌহিদ/আতিক/২০২৬/১১:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd